



আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড
প্রধান কার্যালয়, ঢাকা।
অ্যাডমিনিস্ট্রেশন ডিপার্টমেন্ট

তারিখ : ১৮ মাঘ ১৪২৯
০১ ফেব্রুয়ারি ২০২৩

বিজ্ঞপ্তি

আদিষ্ট হয়ে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ (আইসিবি) এর রাজশাহী শাখা কার্যালয় নতুন ভবনে স্থানান্তরিত হওয়ায় শাখা অফিস উদ্বোধন, সার্বিক কার্যক্রম পর্যবেক্ষণ এবং অংশীজনের সাথে মতবিনিময় সভা আগামী ০৫.০২.২০২৩ তারিখ রোজ রবিবার অনুষ্ঠিত হবে। একইসাথে আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল) এর নতুন ভবন (আশীর্বাদ টাওয়ার, ৩২ গণক পাড়া, বোয়ালিয়া, রাজশাহী) এ স্থানান্তরিত রাজশাহী শাখা কার্যালয় ০৫.০২.২০২৩ তারিখ রোজ রবিবার সকাল ১০:৩০ ঘটিকায় উদ্বোধন ও অংশীজনের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হবে। অনুষ্ঠিতব্য শাখা কার্যালয় উদ্বোধন ও মতবিনিময় সভায় আইসিবি এর পরিচালনা বোর্ডের মাননীয় চেয়ারম্যান ড. মোঃ কিসমাতুল আহসান ও মাননীয় ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আবুল হোসেন উপস্থিত থাকবেন।

০২। পরিদর্শনকালীন আইসিবি ক্যাপিটাল ম্যানেজমেন্ট লিমিটেড (আইসিএমএল) এর প্রধান নির্বাহী কর্মকর্তা মিসেস মাজেদা খাতুন ও অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা জনাব মোঃ সেলিম বেগ সফরসজী হিসেবে থাকবেন। এ বিষয়ে আইসিএমএল রাজশাহী শাখা কার্যালয় ব্যবস্থাপক এবং সংশ্লিষ্ট সকলকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানানো হলো।

০৩। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।

(মোঃ নাসিম আহমেদ)
 উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সকল ডিপার্টমেন্ট প্রধান, আইসিএমএল প্রধান কার্যালয়, ঢাকা;
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তার সচিবালয়, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৩। সকল অতিরিক্ত প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৪। সকল উপ-প্রধান নির্বাহী কর্মকর্তা, প্রধান কার্যালয়, ঢাকা;
- ০৫। শাখা প্রধান, আইসিএমএল শাখাসমূহ;
- ০৬। অফিস কপি।

অনুলিপি (কোম্পানির ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

ডিপার্টমেন্ট প্রধান, কম্পিউটার ডিপার্টমেন্ট, আইসিএমএল, প্রধান কার্যালয়, ঢাকা।